

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৫০

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৫০. পরিমিত আহার উত্তম এবং ভুরিভোজ খারাপ

بَابِ الْإِقْتِصَادِ فِي الْأَكْلِ وَكَرَاهَةِ الشِّبَع

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ أَبُو يَحْيَى، عَنْ يَحْيَى الْبَكَّاءِ، عَنِ ابْنِ عُمْرَ، قَالَ تَجَشَّأَ رَجُلُ عِنْدَ النَّبِيِّ - صلى الله عليه وسلم - فَقَالَ " كُفَّ جُشَاءَكَ عَنَّا فَإِنَّ أَطْوَلَكُمْ جُوعًا يَوْمَ الْقِيَامَةِ أَكْثَرُكُمْ شِبَعًا فِي دَارِ الدُّنْيَا " .

বাংলা

২/৩৩৫০। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে ঢেকুর তুললে তিনি বলেনঃ তুমি আমাদের থেকে তোমার ঢেকুর প্রতিরোধ করো। কারণ যারা পার্থিব জীবনে ভুরিভোজ করে তারাই হবে কিয়ামতের দিন অধিক ক্ষুধার্ত।

English

It was narrated that Ibn 'Umar said:

"A man burped in the presence of the Prophet (ﷺ) and he said: 'Withhold your burps from us! For the most hungry of you on the Day of Resurrection will be those who most ate their fill in this world.'"

ফুটনোট

তিরমিয়ী ২৪৭৮, সহীহাহ ৩৪৩, মিশকাত ৫১৯৩।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. আবদুল আযীয় বিন আবদুল্লাহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৫৮, ১৮/১৬৩ নং পৃষ্ঠা) ২. আবু ইয়াহইয়া আল-বাক্কাই সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু হাতিম আর-রায়ী বলেন, তোমরা তার থেকে হাদিস গ্রহন



করিও না। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬৯২০, ৩১/৫৩৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন